

Co-Chairpersons:  
Sultana Kamal, Elsa Stamatopoulou

Members:  
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie  
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum  
Yasmeen Haque, Sara Hossain, Muhammad Zafar Iqbal  
Khushi Kabir, Myra Cunningham Kain,  
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

## Chittagong Hill Tracts Commission

বরাবর

তারিখ: ২৪ এপ্রিল ২০১৭

জনাব আসাদুজ্জামান খাঁন কামাল, এম.পি

মাননীয় মন্ত্রী

স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: রাঙ্গামাটির নানিয়াচরে এইচএসসি পরীক্ষার্থী রমেল চাকমাকে আটকের পরে নির্যাতনের ফলে মৃত্যুর ঘটনায় বিচারিক তদন্ত কমিটি গঠন ও অপরাধীদের শাস্তিসহ ন্যায় বিচারের দাবি প্রসঙ্গে।


জনাব,

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশনের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নিবেন।

পার্বত্য চট্টগ্রাম আন্তর্জাতিক কমিশন গভীর উদ্বেগের সাথে জানাচ্ছে যে, গত ৬ এপ্রিল ২০১৭ তারিখে রাঙ্গামাটির নানিয়াচর উপজেলা থেকে এইচএসসি পরীক্ষার্থী রমেল চাকমাকে আটক করা হয়েছে বলে সংবাদপত্রের সূত্রে জানা যায়। নির্ভরযোগ্য গণমাধ্যমে প্রকাশিত আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পরিচালকের বক্তব্য অনুযায়ী রমেল চাকমাকে কতিপয় সেনাসদস্য আটক করেন। অভিযোগ রয়েছে যে, আটকের পরে তার ওপর নির্মমভাবে শারীরিক নির্যাতন চালানো হয়। আরো অভিযোগ যে, নির্যাতনের পরে অসুস্থ রমেল চাকমাকে স্থানীয় থানায় হস্তান্তর করতে চাইলে পুলিশও তাকে গ্রহণ করেনি। এমনকি স্থানীয় উপজেলা হাসপাতাল কর্তৃপক্ষও তাকে সেখানে ভর্তি না করে চট্টগ্রাম মেডিকেল কলেজে প্রেরণের পরামর্শ প্রদান করে। অবশেষে রমেল চাকমা পুলিশী পাহারায় চট্টগ্রাম মেডিকলে চিকিৎসাধীন অবস্থায় গত ১৯ এপ্রিল ২০১৭ তারিখ দুপুরে মারা যান।

রমেল চাকমাকে আটকের পরে নির্মমভাবে নির্যাতন করায় এবং নির্যাতনে তার মৃত্যু হওয়ায় পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করছে। অধিকতর উদ্বেগের বিষয় এই যে, আটকাবস্থায় নির্যাতন ও পরবর্তীতে মৃত্যুর সংবাদ প্রকাশের প্রেক্ষিতে সেনা ও পুলিশ কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ শুধু নিজেদের দায় অস্বীকার করেছেন তাই নয়, একে অন্যের ওপর দোষারোপ করায় লিপ্ত হয়েছেন। একটা স্বাধীন রাষ্ট্রে বিনাবিচারে একদিকে এভাবে একজন শিক্ষার্থীর জীবন অকালে কেড়ে নেয়া ও অন্যদিকে সেনাবাহিনী ও আইন প্রয়োগকারী সংস্থার উল্লেখিত আচরণ কোনভাবে গ্রহণযোগ্য হতে পারে না। তাই পার্বত্য চট্টগ্রাম কমিশন রমেল চাকমার হত্যার তদন্তের জন্য অনতিবিলম্বে একটি উচ্চ পর্যায়ের নিরপেক্ষ বিচারিক তদন্ত কমিটি গঠনের জোর দাবি জানাচ্ছে এবং এ ঘটনায় জড়িতদের আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করারও আহ্বান জানাচ্ছে। একইসাথে রমেল চাকমার প্রাণহানির জন্য তার শোকসন্তপ্ত পরিবারের জন্য মানসম্পন্ন ও পর্যাপ্ত ক্ষতিপূরণ নিশ্চয়তার জন্য সরকারের প্রতি আহ্বান জানাচ্ছে।

ধন্যবাদসহ,



সুলতানা কামাল  
কো-চেয়ারপার্সন



এলসা স্টামাতোপৌলৌ  
কো-চেয়ারপার্সন

# Chittagong Hill Tracts Commission

**Co-Chairpersons:**  
Sultana Kamal, Elsa Stamatopoulou

**Members:**  
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie  
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum  
Yasmeen Haque, Sara Hossain, Muhammad Zafar Iqbal  
Khushi Kabir, Myra Cunningham Kain,  
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

পার্বত্য চট্টগ্রাম কমিশনের সদস্যবৃন্দ: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, মিনা কানিংহাম কেইন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডিকস্টা।

পার্বত্য চট্টগ্রাম কমিশনের উপদেষ্টাবৃন্দ: ইয়েনেকি এরঞ্জ, টম এক্সিলসন, ড. মেঘনা গুঠাকুরতা।

## সদয় অবগতি:

১. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
২. মাননীয় সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৩. মাননীয় পুলিশ মহাপরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৪. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।